দৈনিক ইত্তেফাক

তারিখ ... 30 JUN 1991 ...
পৃষ্ঠা ... 6 ... কলাম ... 9 ...

# আজ কুমিল্লা ও যশোর বোর্ডের এসএসসি পরীক্ষা শুরু

(ইত্তেফাক রিপোর্ট)

আজ (রবিবার) কুমিল্লা ও যশোর শিক্ষা বোর্ডের ১৯৯১ সালের এস এস সি পরীক্ষা শুরু হইবে। ২রা মে হইতে এই পরীক্ষা শুরু হওয়ার কথা ছিল। ২৯শে এপ্রিলের প্রলয়ংকরী ঘূর্ণিঝড় ও জলোচ্ছ্বাসের কারণে এই পরীক্ষা স্থগিত রাখা হয়।

উভয় বোর্ড সূত্রে জানা যায়, কুমিল্লা ও যশোর বোর্ডে মোট পরীক্ষার্থীর সংখ্যা ২ লক্ষ ২৮ হাজার ৭ শত ৫৩ জন। সউদী

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## আজ এসএসসি

(১ম পৃঃ পর)

আরবের একটি কেন্দ্রসহ কুমিল্লা বোর্ডের ১৩১টি কেন্দ্রে মোট ১ লক্ষ ৩০ হাজার ২৪০ জন পরীক্ষার্থী, যশোর বোর্ডের ১০৫টি কেন্দ্রে মোট ৯৮ হাজার ৫১৩ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নিবে।

যশোর অফিস জানায়: যশোর বোর্ড কর্তৃপক্ষ খুলনা বিভাগের ১৬টি জেলার মোট ১০৫টি কেন্দ্রে সুষ্ঠুভাবে পরীক্ষা অনুষ্ঠানের যাবতীয় ব্যবস্থা সম্পন্ন করিয়াছে। এবার যশোর শিক্ষা বোর্ডে দুমকী এবং মনপুরা নামে দুইটি পরীক্ষা কেন্দ্র বৃদ্ধি করা হইয়াছে।

14